গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.০২.০০১.১৩.৯৩১

তারিখঃ ১৪-০৫-১৪২৩ / ২৯-০৮-২০১৬।

বিষয়ঃ সেবাপ্রদান প্রতিশ্রুতিতে (Citizen's Charter) বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন।

সূত্রঃ (১) তথ্য কমিশনের ০২ আগস্ট ২০১৬ তারিখের তকক/প্রতক/ডিও/১৩-২১১৯ সংখ্যক আধা- সরকারিপত্র।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ আগস্ট ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.৭৯.০০১.১৪.২৬৩ নং স্মারকপত্র

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত তথ্য কমিশনের আধা-সরকারিপত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের স্মারকপত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। সেবাপ্রদান প্রতিশ্রুতিতে (Citizen's Charter) বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫০৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা
৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিঃ সহকারী সচিব/ সহকারী সচিব(প্রশাসন-২)/(যুব-১)/(ক্রীড়া-২)/(ক্রীড়া-১)/(সমন্বয়)/(বাজেট)/সিঃসহকারী প্রধান/সহকারী প্রধান,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৭৯.০০১.১৪৷ ২৬৮৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৩ / ১৪ আগস্ট ২০১৬

বিষয়: **সেবাপ্রদান প্রতিশ্রুতিতে (Citizen's Charter) বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন।**

সূত্র: তথ্য কমিশনের
০২ আগস্ট ২০১৬ তারিখের তকক/প্রতক/ডিও/১৩-২১১৯ সংখ্যক আধা-সরকারিপত্র।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকে প্রাপ্ত তথ্য কমিশনের আধা-সরকারিপত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হল।

০২। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানের সেবাপ্রদান প্রতিশ্রুতিতে (Citizen's Charter) বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: এক পাতা

১৪/৮/২০১৬

রিয়াসাত আল ওয়াসিফ
সিনিয়র সহকারী সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৪০৯৭১
ই-মেইল: general_sec@cabinet.gov.bd

| ডাইরী নং- ৩৫১৭ | তারিখঃ |
|---|---|
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (সচিবের দপ্তর) | |
| ❖ যুগ্ম-সচিব (প্রঃ)<br>❖ যুগ্ম-সচিব (যুব)<br>❖ যুগ্ম-সচিব (ক্রীড়া) | ❖ উপ-সচিব<br>❖ উপ-প্রধান<br>❖ একান্ত সচিব |

সচিবের স্বাক্ষর

বিতরণ:

১. ~~সিনিয়র সচিব~~/সচিব (সকল)........যুব ও ক্রীড়া........মন্ত্রণালয়/~~বিভাগ~~

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ
২. প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা
৩. মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

যুগ্ম-সচিবের দপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুগ্ম-সচিব (প্রঃ)
উপ-সচিব (ক্রীড়া)
উপ-সচিব (ক্রীড়া-১)
উপ-সচিব (যুব)
উপ-সচিব (যুব-১)
উপ-প্রধান
নম্বর........১৪১৩
তারিখ........১৮/৮/১৬

প্রশাসন-১ শাখা
ডাইরী নং ২৯৫
তারিখঃ ২২/৮

উপ-সচিব (প্রশাসন) ২৮০৮
ডাইরী নং
তারিখ ১৮/৮/১৬
সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (...৯-৯...)

তথ্য কমিশন
Information Commission

প্রধান তথ্য কমিশনার
Chief Information Commissioner

স্মারক ঃ তকক/প্রতক/ডিও/১৩-২১১৯

তারিখ ঃ ০২ আগষ্ট ২০১৩

প্রিয় মন্ত্রিপরিষদ সচিব,

বিষয় ঃ সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ সম্পাদনের জন্য নির্দেশনা জারি।

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের মাধ্যমে সাংবিধানিক, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সরকারি সংস্থা ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করে। উক্ত আইনের ধারা ৫ এর উপধারা ৩ এবং ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা ২০১০ প্রণীত হয়। এ প্রবিধানমালার ১৩ (১) প্রবিধিতে উল্লেখ রয়েছে যে, "প্রত্যেক কর্তৃপক্ষ এবং উহার আওতাধীন দপ্তর,সংস্থা, ব্যুরো সর্বসাধারণকে তথ্য প্রদানে কর্তৃপক্ষের স্বচ্ছতা নিশ্চতকরণের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন করিবে এবং তাহা সংশ্লিষ্ট সেবা গ্রহণকারীদের জানাইবার জন্য ওয়েবসাইটে প্রচারসহ প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবে"। উল্লেখ্য, সচিবালয় নির্দেশমালাতেও অনুরূপ নির্দেশনা রয়েছে।

উল্লিখিত নির্দেশনা অনুসারে ইতোমধ্যে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তর/দপ্তরসমূহ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতির তালিকায় যে সকল সুবিধা/সেবা প্রদান করা হবে, সেবা প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবী, সেবা প্রদানের সময়সীমা,সেবা প্রদান পদ্ধতি ও প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।

সেবা প্রাপ্তিতে অসুবিধা হলে যথাক্রমে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপীল কর্মকর্তা এবং সর্বশেষে মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলে যোগাযোগ করে অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রতিশ্রুত সেবাগুলো নিয়মিতভাবে ও নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদান করা হচ্ছে কি-না এ বিষয়ে পরীবিক্ষণের উদ্যোগ নেয়া হলে এর কার্যকারিতা বহুলাংশে বৃদ্ধি পাবে। তাতে জনগণ যথাসময়ে সেবা লাভের মাধ্যমে উপকৃত হবেন।

বর্ণিত অবস্থায়, বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক প্রতিটি সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য আপনার মনোযোগ আকর্ষণ করছি।

শ্রদ্ধা সহকারে,

(প্রফেসর ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন।

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

অতিরিক্ত সচিব (প্রঃ ও বিধি অনুবিভাগ) মন্ত্রিপরিষদ বিভাগ
যুগ্মসচিব (বিওসে)
যুগ্মসচিব (আইন)
যুগ্মসচিব (প্রঃ)
উপসচিব (পওবা)
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং ৪৫৮
তারিখ ০৭/৮/১৩
স্বাক্ষর

তারিখ ৮/৮/১৩
ডাইরী নং ২২০৭
স্বাক্ষরঃ

সাধারণ শাখা
ডায়েরি নং ৬৩৭
তারিখঃ ৮/৮/১৩
..................তারিখের
মধ্যে উপস্থাপন করুন
আলোচনা করুন
সংশ্লিষ্ট নথিতে রাখুন
গার্ড ফাইলে রাখুন
কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা
সি.স.স.

E:\Dr. Golam Rohoman Sir\Do_letter\DO letter to Cabinet Secretery.docx

Archaeology Bhaban (2nd Floor), F-4/A, Agargaon Administrative Area, Sher-e-Bangla Nagar, Dhaka-1207
Phone : +88 02 911 3900, Fax : +88 02 911 0638, E-mail : cic@infocom.gov.bd, www.infocom.gov.bd